

💵 হজ উমরা ও যিয়ারত

বিভাগ/অধ্যায়ঃ নবম অধ্যায় : মক্কার পবিত্র ও ঐতিহাসিক স্থানসমূহ রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

মক্কার ঐতিহাসিক স্থানসমূহ - হেরা পাহাড়

হেরা পাহাড় মক্কা খেকে মিনার পথে বাম দিকে অবস্থিত। এর উচ্চতা ৬৩৪ মিটার। বর্তমানে মক্কাবাসিরা একে জাবালে নূর বলে থাকেন। এ পাহাড়ের ওপরেই সেই গুহা রয়েছে যেখানে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নবুওয়াতের পূর্বে ইবাদত করতেন। ইবাদতরত অবস্থায় এখানেই সর্বপ্রথম কুরআনের আয়াত নাযিল হয়েছিল। এ গুহার প্রবেশদার উত্তর দিক দিয়ে। এতে পাঁচ জন লোক বসতে পারে। এর উচ্চতা মাঝারি আকারের। এ পাহাড়ে উঠলে মক্কার ঘর-বাড়ি দেখা যায়। দেখা যায় ছাওর পাহাড়। পাহাড়ের চূড়া উটের কুজের মত। মক্কাসহ সারা পৃথিবীতে হেরা পাহাড়ের মতো কোন পাহাড় নেই। এ এক অনন্য পাহাড়।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=7469

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন